

ক্রমিক	বিষয়	তথ্য
1	প্রকল্পের নাম	: “বাংলাদেশ সরকারের জন্য নিরাপদ ই-মেইল ও ডিজিটাল লিটারেসী সেন্টার স্থাপন (২য় সংশোধিত)”
2	প্রকল্প পরিচালকের নাম	: মোহাম্মদ সাইফুল আলম খান
3	প্রকল্প পরিচালকের মোবাইল নম্বর	: +৮৮-০১৭১৩১১৮৮৬০
4	প্রকল্প পরিচালকের ই-মেইল	: saiful.khan@bcc.gov.bd
5	প্রকল্পের মেয়াদকাল	: মার্চ – ২০১৮ থেকে ডিসেম্বর - ২০২৩
6	প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (কোটি টাকায়)	: ১৭৮৪৩.০৮ লক্ষ টাকা
7	প্রকল্পের উদ্দেশ্য	: <ul style="list-style-type: none"> • সরকারে কর্মরত সকলের জন্য নিরাপদ ই-মেইল ও তথ্য সংরক্ষণ সেবা; • তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে জনসাধারণকে সাইবার নিরাপত্তার বিষয়ে অবহিতকরণ ও প্রশিক্ষণ; • উন্মুক্ত তথ্যে ডাটা এনালাইসিস (Open Data Analytics) সক্ষমতা ও অবকাঠামো স্থাপন; • ইন্টারনেটে তথ্যের মাধ্যমে বিদ্যমান পরিস্থিতির মধ্যে সরকারের কর্মকর্তা / কর্মচারীদের সচেতনতা বৃদ্ধি।
8	প্রকল্পের প্রধান প্রধান কার্যাবলী	<p>➤ নিরাপদ ই-মেইল ও তথ্য সংরক্ষণ সেবাঃ সরকারি মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের নিরাপদ ই-মেইল ও তথ্য সংরক্ষণ সেবা প্রদান। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার ৬৮১টি ডোমেইন এ প্রায় এক লক্ষ তিগ্নান হাজার একশত পঁচিশ (১,৫৩,১২৫) জন ব্যবহারকারীকে নিরাপদ ই-মেইল ও তথ্য সংরক্ষণ সেবা ইতোমধ্যে প্রদান করা হয়েছে।</p> <p>➤ “জনতার সরকার” সিটিজেন ইন্টারেক্টিভ ওয়েব পোর্টালঃ “জনতার সরকার” কার্যক্রমের প্রকৃত উদ্দেশ্য হল সকল মন্ত্রণালয়/বিভাগের সেবা ও উন্নয়নমূলক কার্যক্রম সম্পর্কে সাধারণ জনগণের মতামত গ্রহণ এবং মতামতের ভিত্তিতে প্রাপ্ত তথ্য Data Analytics (তথ্য বিশ্লেষণ) করে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগের নিকট ফলাফল প্রেরণ করা। “জনতার সরকার” সিটিজেন ইন্টারেক্টিভ ওয়েব পোর্টালটি উদ্বোধন করা হয়েছে https://www.janatarsarkar.gov.bd। “জনতার সরকার” সিটিজেন ইন্টারেক্টিভ ওয়েব পোর্টালটি মূলত সরকার ও জনগণের মধ্যে সেতু বন্ধনে কার্যকর ভূমিকা পালনে সহায়ক হবে।</p> <p>➤ বিয়াম ফাউন্ডেশন আইটি ল্যাব স্থাপনঃ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকারী কর্মকর্তা/কর্মচারীদের আধুনিক এবং অধিকতর দক্ষতা মূলক কাজে তথ্য ও প্রযুক্তিতে আরও দক্ষ করে গড়ে তোলার লক্ষ্যে বাংলাদেশ ইনস্টিটিউট অফ অ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশনে অত্যাধুনিক আইটি ল্যাব স্থাপন সম্পন্ন হয়েছে। বর্তমানে উক্ত ল্যাবে সরকারি কর্মকর্তাদের প্রশিক্ষণের বিভিন্ন কোর্স চলমান আছে।</p> <p>➤ সাইবার রেঞ্জ (MIST) ল্যাব স্থাপনঃ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে দেশের তথ্য-প্রযুক্তির ব্যবহার বৃদ্ধির প্রেক্ষিতে উদ্ভূত সাইবার থ্রেট (cyber threat) নিরসনের কার্যক্রম পরিচালনার জন্য সরকারী পদক্ষেপ নিশ্চিত করা ও জনবল প্রস্তুত করা। এ লক্ষ্যে সাইবার</p>

		<p>নিরাপত্তার সক্ষমতা বৃদ্ধির জন্য মিলিটারী ইনস্টিটিউট অফ সাইন্স এন্ড টেকনোলজি (MIST) তে সাইবার রেঞ্জ ল্যাব স্থাপন করা হয়েছে। বর্তমানে উক্ত ল্যাবে সাইবার নিরাপত্তার বিভিন্ন কোর্স প্রশিক্ষণ চলমান আছে।</p> <p>➤ ডিজিটাল লিটারেসি সেন্টারঃ ডিএলসি এর মূল কার্যক্রম হচ্ছে তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সরকারি কর্মকর্তাকর্মচারী, শিক্ষা প্রতিষ্ঠান / এবং জনসাধারণকে সাইবার নিরাপত্তার বিষয়ে অবহিতকরণ ও প্রশিক্ষণ। ডিজিটাল লিটারেসি সেন্টার কার্যক্রমটির আওতায় সাইবার নিরাপত্তার বিভিন্ন বিষয়ে কন্টেন্ট (যেমন সাইবার বুলিং, ফেক নিউজ, ইন-এপ্রোপ্রিয়েট কন্টেন্ট, অনলাইন হ্যারাজমেন্ট, অনলাইন স্ক্যাম, পর্নগ্রাফি, প্রাইভেসি, স্ক্রিন টাইম, সোশ্যাল ইঞ্জিনিয়ারিং, ডিজিটাল প্যারেন্টিং, ডিজিটাল পেমেন্ট, ডিজিটাল ফুট প্রিন্ট, বডি ইমেজ, সোশ্যাল ডিলেমা, জেন্ডার ইস্যু ইত্যাদি বিষয়ে দেশের সাধারণ শিক্ষার্থী [প্রাইমারি (৩য়-৫ম শ্রেণী), সেকেন্ডারি (৬ষ্ঠ- দ্বাদশ), তরুণ (১৮-৩৫ বছর বয়স্ক)] ও অভিভাবকগণকে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান আছে। ডিএলসি ওয়েব প্ল্যাটফর্মে ১০,৭৭৮ (দশ হাজার সাতশত আটাত্তর)টি স্কুলের প্রায় ২৩০,৪২২ (দুই লক্ষ ত্রিশ হাজার চারশত বাইশ) জন শিক্ষার্থী যুক্ত আছে। উক্ত প্ল্যাটফর্ম থেকে ১২৫,৪৪৩ (একলক্ষ পঁচিশ হাজার চারশত তেতাল্লিশ)জন বিভিন্ন ক্যাটাগরিতে কোর্স সম্পন্ন করে ইন্টারনেট সার্টিফিকেট অর্জন করেছে। এবং 1,0৪,৯৭৯ (একলক্ষ চার হাজার নয়শত উনআশা) জন শিক্ষার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। এ ছাড়াও মাননীয় সংসদ সদস্যগণ, শিক্ষার্থীদের অভিভাবক, সাধারণ জনগণ ও সংবাদকর্মীদের ডিজিটাল জীবনাচারণ, তথ্য অনুসন্ধান ও ব্যবহার, অনলাইন নিরাপত্তা, সুরক্ষা ও গোপনীয়তা, ডিজিটাল পরমিন্ডলে গ্রহণযোগ্য আচরণ ইত্যাদি সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।</p> <p>➤ জাতীয় মোবাইল ব্রাউজার (Android/IOS): দেশের সাধারণ জনগণকে সহজ ইন্টারনেট (সম্পূর্ণ বাংলায়) ব্যবহারে সহায়তা প্রদানে জাতীয় মোবাইল ব্রাউজার তৈরি করার কার্যক্রম শেষ পর্যায়ে। আগামী মার্চ-২০২৩ এ জাতীয় মোবাইল ব্রাউজারটি সর্ব-সাধারণের ব্যবহারের জন্য উন্মুক্ত করা হবে।</p>
--	--	--